যুগান্তর

তারিখ ২1 OCT 2002
পৃষ্ঠা - ১৬ কলাম ৫

# ঢাবি ও বুয়েটে ভর্তি : নভেম্বরে ফরম বিতরণ

মুসতাক আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েটে ২০০২-২০০৩ সেশনের প্রথম বর্ষের (সম্মান) ভর্তি পরীক্ষার আবেদনপত্র নভেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে বিতরণ শুরু হবে। ভর্তি

ভর্তি : পৃষ্ঠা : ১৫ কলাম : ১

## ভর্তি : ঢাবি-বুয়েট

(শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষা অনুষ্ঠিত হবে জানুয়ারির প্রথম সপ্তাহে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বরাবরের মতো এবারও ৪টি ইউনিটের মাধ্যমে ৪৪টি বিভাগ ও ৩টি ইন্সটিটিউটে সর্বমোট ৪ হাজার ৩৪৮ জন ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদনপত্র বিক্রি করা হবে। এবারের এইচএসসি পরীক্ষায় ফল বিপর্যয়ের জন্য বিভিন্ন ইউনিটে আবেদনের ন্যূনতম যোগ্যতার নম্বর কমানো হতে পারে। প্রশাসনিক একাধিক সূত্র এ আভাস দিয়েছে। বিভিন্ন ইউনিটে আগে চাওয়া ন্যূনতম নম্বরের থেকে এবার ৫০ নম্বর কমানো হতে পারে।